B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-8

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

২×১০=২০

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) 'এমনি দুই পাখি / দোঁহারে ভালোবাসে' → পরিপ্রেক্ষিতে
'দোঁহারে' কথার অর্থ কী? শব্দটি দ্বারা কাদের বোঝানো হয়েছে?

(খ) 'কেন রে বিধাতা পাষাণ হেন'...
কোন কবিতার অংশ? বিধাতাকে পাষাণ বলা হয়েছে কেন?

(গ) 'মেঘদূত' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় কোন প্রাচীন কবির নাম উল্লিখিত হয়েছে?

(ঘ) 'মনে হল আকাশ-পানে চেয়ে'
আকাশ-পানে চেয়ে কার কী মনে হল?

(ঙ) 'ভীতু, ভীতু, ভীতু কোথাকার'!
কোন কবির রচনা? কাকে ভীতু বলা হয়েছে?

(চ) 'আমি আনন্দিত'
কোন কবির কোন কবিতার অংশ? কবির আনন্দের কারণ কী?

(ছ) 'তবু মনে হয় যেন সেদিন সকাল'।
বক্তা কে? কোন ঘটনাকে বক্তা 'সেদিন সকাল' বলেছেন?

(জ) 'বনলতা সেন' কোন কাব্যগ্রন্থের কবিতা? কবিতায় যেসব প্রাচীন নগরের নাম আছে তার উল্লেখ করো।

(ঝ) 'একবেণী হিয়া ছাড়ে না মলিন কাঁথা।'
হিয়াকে একবেণী বলার কারণ কী?

(ঞ) 'একদিন যেওনা হারিয়ে'
কবি কেন, কোথায় হারানোর কথা বলেছেন?

(ট) 'তোমার আকাশ দাও ...'
কোন কবিতার অংশ? এখানে 'তোমার' বলতে কার কথা বলা হয়েছে?

(ঠ) 'এবার যুদ্ধ তোমার আর আমার জন্যে।'
— বক্তা কে? এখানে কোন যুদ্ধের কথা বলা হয়েছে?

B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-9

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে কোনো দশটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো : ২×১০=২০

(ক) কোন গ্রামে বসবাস করতেন 'চন্দ্রশেখর' উপন্যাসের নাম চরিত্রটি? এই উপন্যাস কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল? ৩

(খ) যে পাঁচটি গ্রামের বিষয় নিয়ে 'গণদেবতা' উপন্যাসটি গড়ে তোলা হয়েছে, তাদের নাম কী কী? উপন্যাসে কোন গ্রামটি প্রাধান্য পেয়েছে? ৩

(গ) 'চন্দ্রশেখর' উপন্যাসে কোন নবাবের কথা আছে? তিনি কোথায় বসবাস করতেন? ৩

(ঘ) "কি কালযুদ্ধই না ইংরেজরা করিল?" কাদের সঙ্গে ইংরেজদের কোন যুদ্ধের কথা 'গণদেবতা' উপন্যাসে বলা হয়েছে?

(ঙ) লরেন্স ফস্টরের প্রথম প্রণয়িনীর নাম কী? লরেন্স কেন ভারতে এসেছিলেন? ৩

(চ) 'গণদেবতা' উপন্যাসের বর্ণনা অনুযায়ী গ্রামের চণ্ডীমণ্ডপে অনুষ্ঠিত হত এমন দুটি পার্বণের নাম লেখো।

(ছ) "যে সকল ইংরেজ বাঙ্গালায় বাস করিতেন তাঁহারা দুইটি মাত্র কার্য্যে অক্ষম ছিলেন।"— কোন দুটি কাজের কথা ঔপন্যাসিক বলেছেন? ৩

(জ) দেবুকে গ্রেপ্তার করা হয়েছিল কোন অপরাধে? কোন মাসে সে জেল থেকে ছাড়া পায়? ৩

(ঝ) "পুরুষ মানুষের চক্ষু কেবল মাথার শোভার্থ—তাহাতে দেখিতে পায় না।"— কে, কেন একথা বলেছে? ৩

(ঞ) 'গণদেবতা' কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ট) শৈবলিনীর অপহরণের কথা শুনে চন্দ্রশেখর কী করেছিলেন? ৩

(ঠ) দেবু কতদূর লেখাপড়া করেছিলেন? তাঁর পেশা বা উপার্জনের পথ কী ছিল?

(ড) "প্রতাপ রায় সাক্ষাৎ শয়তান— এ দেশীয় লোক তাহাকে ধরিতে পারিবেন না।"— কার উক্তি? তার বাড়ি কোথায়?

(ঢ) "লোকটা ঐ জে. এল. ব্যানার্জীর শিষ্য।"— কে একথা বলেছে? কোন লোকটার কথা বলা হয়েছে?

B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : CC-10

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "আহা! বিধুমুখি কি নিদারুণ কথা বলিলে, আমার অন্তঃকরণে যেন অগ্নিবাণ প্রবেশ করিল"— 'বিধুমুখি' কে? নিদারুণ কথাটি কী?

(খ) "ময়রাণী লো সই। নীল গেঁজেছো কই।।" কারা কাকে এ কথা বলছে? তাদের মধ্যে দু-জনের নাম লেখো।

(গ) "এই আইনটা শ্যামচাঁদের দাদা হইয়াছে।"— 'শ্যামচাঁদ কী? কোন আইনকে 'শ্যামচাঁদের দাদা' বলা হয়েছে?

(ঘ) "মুই টিকিরি — জোন খেটে খাই।" এ কথা কে বলেছে? সে কেন 'কিছু পুঁজি' করার কথা ভেবেছিল?

(ঙ) "না কি এ ম্যাদের পিল হয় না"— কে কোন প্রসঙ্গে কাকে এ কথা বলেছে?

(চ) "গবরমেন্টকে এ বিষয়ে দরখাস্ত করিতে আমাদিগের সভায় লিখিতে হইবেক," উক্তিটি কার? এখানে কোন বিষয়ে দরখাস্ত করার কথা বলেছেন?

(ছ) "সাধু তুমি এমনই সাধু বটে।" কে, কেন কাকে এমন কথা বলেছে?

(জ) "মোর বুকি অ্যাকটা তেরোনালের খোঁচা মার্ মুই স্বগগে চলে যাই"— কে, কাকে এ কথা বলেছে? 'তেরোনাল' কী?

(ঝ) যে গান দিয়ে 'শারদোৎসব' নাটক শেষ হয়েছে তার প্রথম দুটি ছত্র উদ্ধৃত করো।

(ঞ) "ইনি যে গৃহে জন্মেছেন সে গৃহে জগতের অনেক বড়ো বড়ো বীর জন্মগ্রহণ করেছেন" কে, কার সম্পর্কে কোন প্রসঙ্গে এ কথা বলেছেন?

(ট) "তোমার কাছে যে কয়টা বিষয়ে প্রতিশ্রুত আছি সে আমি সেরে দিয়ে যাব"— প্রতিশ্রুতিগুলি কী কী?

(ঠ) "মহারাজের সামনে আমি যে ইচ্ছাসুখে বসে থাকি এমন আমার স্বভাবই নয়।" কার উক্তি? সে কেন বসে আছে?

(ড) 'শারদোৎসব' নাটকে সন্ন্যাসী ছেলেদের কোন রঙের কাপড় পরতে বলেছে? তা কোথায় পাওয়া যাবে?

(ঢ) "আমরা বেঁধেছি কাশের গুচ্ছ" গানটির রাগ ও তাল উল্লেখ করো।

(ণ) ভৈরবপুরের বেতালসিদ্ধ লোকটির খবর কে জানিয়েছে? তাকে স্বচক্ষে কে দেখেছে?

B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : SEC-2

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রাতিষ্ঠানিক চিঠিতে সংযুক্তি (Enclosure)-র গুরুত্ব কোথায়?

(খ) ব্যবহারিক চিঠিপত্র বলতে কী বোঝো? উদাহরণ দাও।

(গ) রাজনৈতিক প্রতিবেদন কী? উদাহরণ দাও।

(ঘ) প্রতিবেদন ও সংবাদের মধ্যে দুটি বৈসাদৃশ্য লেখো।

(ঙ) অনুচ্ছেদ ও পরিচ্ছেদের মধ্যে একটি সাদৃশ্য ও একটি বৈসাদৃশ্য দেখাও।

(চ) অনুচ্ছেদ রচনার নিয়মগুলি কী কী?

(ছ) ভাবার্থ কী তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

(জ) সারসংক্ষেপ ও ভাবার্থের মধ্যে তফাত উল্লেখ করো।

২। *যে কোনো দুইটি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ভাবসম্প্রসারণ-এর সংজ্ঞা লেখো। ভাবসম্প্রসারণ লেখার নিয়মগুলির উল্লেখ করো।

(খ) প্রতিবেদন-এর সংজ্ঞা দাও। প্রতিবেদন কয় প্রকার ও কী কী?

(গ) লেখকের ভাবপ্রকাশের দুইটি ভিন্ন মাধ্যম—ভাবার্থ ও ভাবসম্প্রসারণ— আলোচনা করো। ভাবসম্প্রসারণ লেখার ক্ষেত্রে একান্ত পরিত্যাজ্য বিষয় কী?

(ঘ) রক্তদানের প্রয়োজনীয়তা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি শিরোনাম লেখো।

৩। *যে কোনো দুইটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) অনুচ্ছেদ রচনা করো (*যে কোনো একটি*)। ১০

(অ) বাংলার লোকায়ত দেব-দেবী

(আ) দ্রব্যমূল্যবৃদ্ধি ও জনজীবন